

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৭২. যদি কোন ব্যক্তি ঈদের সালাত আদায়ের পর ফিতরা প্রদান করে তাহলে কি তা আদায় হবে?

সালাত আদায়ের পূর্বে হলে তা ফিতরা হিসেবে গণ্য হবে। আর সালাতের পর হলে তা হবে সাধারণ দান। আবদুল্লাহ ইবনে আব্বাস (রা.) বর্ণিত হাদীসে রাসূল (সা.) বলেছেন, "সিয়াম পালনকারীর অপ্রয়োজনীয় ও বেফাস কথাবার্তা থেকে তাকে পবিত্রকরণ এবং গরীব মিসকীনদের খাবার প্রদানের উদ্দেশ্যে রাসূল (সা.) ফিতরা প্রদান করাকে ফর্য করে দিয়েছেন। অতএব যে ব্যক্তি ঈদের সালাতের আগে তা পরিশোধ করবে সেটা ফিতরা হিসেবে আল্লাহর কাছে গৃহীত হবে। আর ঈদের সালাতের পর দিলে তা হবে একটা সাধারণ দান খ্য়রাত।" অর্থাৎ তা ফিতরা হিসেবে গণ্য হবে না। (আবু দাউদ, ইবনে মাজাহ)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=15257

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন